করোনাভাইরাসে আরও ৫৪ জনের প্রাণহানি

করোনাভাইরাসে গত ২৪ ঘণ্টায় দেশে আরও ৫৪ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট ৪ হাজার ৮২ জন কোভিড রোগী মারা গেলেন।

এই সময়ে ২ হাজার ৫১৯ জন শনাক্ত হয়েছেন। এ নিয়ে দেশে মোট শনাক্ত হলেন ৩ লাখ ২ হাজার ১৪৭ জন।

এছাড়া গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ৩ হাজার ৪২৭ জন এবং মোট সুস্থ ১ লাখ ৯০ হাজার ১৮৩ জন।

বুধবার স্বাস্থ্য অধিদফতর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

সূত্র- যুগান্তর

দেশের স্বাস্থ্য ব্যবস্থা ভেঙে পড়েছে : জাফরুল্লাহ

দেশের টোটাল স্বাস্থ্য ব্যবস্থা ভেঙে পড়েছে বলে মন্তব্য করেছেন গণস্বাস্থ্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ও ট্রাস্টি ডা. জাফরুল্লাহ চৌধুরী।

বুধবার ধানমণ্ডির গণস্বাস্থ্য নগর হাসপাতালে প্লাজমা ও ব্লাড ডোনেশন সেন্টারে সদ্য করোনা মুক্ত হয়ে প্লাজমা ডোনেট করতে আসেন বিএনপির সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য ব্যারিস্টার রুমিন ফারহানা। এসময় ডা. জাফরুল্লাহ দেশের সার্বিক করোনা পরিস্থিতি সাংবাদিকদের সঙ্গে কথা বলেন।

এসময় হাসপাতালের মাইক্রোবায়ালজি বিভাগের অধ্যাপক মাহাবুবুর রহমান, প্যাথলজি ডিপার্টমেন্টর প্রধান গোলাম মোহাম্মদ

কোরাইশি, গণস্বাস্থ্য কেন্দ্রের প্রেস উপদেষ্টা মোহাম্মদ জাহাঙ্গীর আলম মিন্টু, গণস্বাস্থ্য নগর হাসপাতালের পরিচালক, প্রশিক্ষণ ও সনোলজিস্টি মোহাম্মদ শওকত আলী আরমান প্রমুখ উপস্থিত ছিলেন।
ডা. জাফরুল্লাহ বলেন, রুমিন ফারহানা এখনো পুরো সুস্থ না, তবুও তিনি প্লাজমা দিতে এসেছেন। এটা চমৎকার ব্যাপার। আমরা গৌরব বোধ করছি রুমিন নিজ থেকে এটা করেছেন। আমরা তার সাথে কোনো যোগাযোগ করিনি। তিনি খুব সজাগ একজন নাগরিক যিনি জনগণের জন্য এতোটাই ভাবেন। রুমিন ফারহানা একটা চমৎকার উদাহরণ সৃষ্টি করেছেন।

তিনি বলেন, আমি চাই করোনা থেকে সুস্থ অন্য এমপিরাও প্লাজমা দানে এগিয়ে আসবেন। যারা করোনা আক্রান্ত নন তারাও নিয়মিত রক্তদানে এগিয়ে আসতে পারেন।

তিনি আরও বলেন, দেশে প্লাজমা সংগ্রহ এখনো পর্যাপ্ত না। তাই প্রতিটি করোনা আক্রান্ত মানুষকে প্লাজমা দানে এগিয়ে আসতে হবে। একজন মানুষের প্লাজমা দিয়ে ৫ জন রোগীকে চিকিৎসা দেয়া যায়।

রুমিন ফারহানা বলেন, করোনা লুকিয়ে রাখার বিষয় না। সে কারণে করোনা পজিটিভ জানার সাথে সাথে আমি ফেসবুকে সেটা জানিয়েছি। দেশের সব মিডিয়ার সাংবাদিক ভাইয়েরা সেটা নিয়ে সংবাদ করে সবাইকে জানিয়েছেন। এতে আমার আমার প্রতিবেশী এবং আমার সাথে যাদের যোগাযোগ করার কথা তারা সতর্ক থাকতে পেরেছেন।

তিনি আরও বলেন, করোনার শুরু থেকেই আইসিইউ-ভেন্টিলেটর দূরেই থাকুক সরকারি হাসপাতালগুলোতে পর্যাপ্ত অক্সিজেনও নেই। প্লাজমা থেরাপির মাধ্যমে রোগীদের যদি আইসিইউ পর্যন্ত যেতে না হয়, বা রেমডিসিভির এর মত দামি ওষুধ নিতে না হয় তাহলে সেটাও অনেক বড় একটা প্রাপ্তি।

আমি বিশ্বাস করি করোনা থেকে সেরে ওঠা প্রতিটা মানুষ যদি অন্য কোনো বড় অসুস্থতায় আক্রান্ত না থেকে থাকেন তাহলে প্লাজমা দেয়া তাদের কর্তব্য। আমি সেই কর্তব্যটিই পালন করতে এসেছি। আমার জেনে খুব ভালো লাগছে এই রক্ত দিয়ে ৫ জন গুরুতর অসুস্থ করোনা রোগী উপকৃত হবেন।

আমি আশা করি, করোনা থেকে সেরে ওঠা প্রতিটি মানুষ প্লাজমা দেবেন। এই ভয়ঙ্কর মহামারীর সময় সরকার আমাদের পাশে দাঁড়ায়নি, তাই আমাদের সকলের উচিত নিজেদের পাশে দাঁড়ানো।

মেহেরপুরে আজ নতুন করে করোনা আক্রান্ত হয়েছে ২৯ জন

মেহেরপুরে আজ নতুন করে ২৯ জন করোনায় আক্রান্ত হয়েছেন। এ নিয়ে জেলায় মোট আক্রান্ত হলেন ৪৮৩ জন।
আজ সন্ধা ৬ টার সময় মেহেরপুরের সিভিল সার্জন ডা.নাসির উদ্দিন বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, আজ প্রাপ্ত ৮০টি রিপোটের মধ্যে ২৯ টি পজিটিভ। এর মধ্যে সদর উপজেলায় ২৪টি, গাংনীতে ৩টি এবং মুজিবনগরে ২টি। এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৩২৪৬ টি।

মেহেরপুর জেলায় বর্তমানে আক্রান্ত রয়েছেন ১৭৩ (সদর-১১০, গাংনী- ৪৬, মুজিবনগর -১৭) জন। এ পর্যন্ত জেলায় করোনা আক্রান্ত হয়ে মৃত্যু হয়ে- ১০ জন। (সদর-৫, গাংনী- ৪, মুজিবনগর -১)। সুস্থ হয়েছেন ২৬৭ জন । অন্যত্র ট্রান্সফার্ড করা হয়েছে ২৯ জনকে।

নমুনা ৩৪৩৮+৩৫ সদর ও হাসপাতাল ৪+১৯= ২৩, গাংনী-১০, মুজিবনগর-২। ফলাফল- ৩১৬৬+৮০= ৩২৪৬টি। পজিটিভ-২৯টি (সদর-২৪, গাংনী-৩, মুজিবনগর-২)। বর্তমানে পজিটিভ সংখ্যা ১৭৩, সদর ১১০, গাংনী ৪৬, মুজিনগর ১৭। মৃত্যু ১০, সুন্ত ২৬৭, ট্রান্স ২৯।

গাংনী-৩
কাজীর মোড় চৌগাছা- নুরুল ইসলাম (৭০), বামুন্দী- সাবিত হাসান (৫), মালশদাহ-আসাদুজ্জামান (৪৬)

মুজিবনগর-২ জন
এ্যাম্বুলেন্স ড্রাইভার হসপিটাল- আঃ রাজ্জাক (৩৮), বাগোয়ান-সুজন (২৫)

মেহেরপুর সদর ২৪ জন
মল্লিকপাড়া- অনন্ত কুমার সাহা, দিঘিরপাড়া- আতিয়ার, রাধাকান্তপুর- আতাহার আলী, বারাদী – লালমতি, হোটেল বাজার – গুল মহাম্মদ, রাইপুর – আলতাব উদ্দীন, স্টেডিয়াম পাড়া – আব্দুস সামাদ, বন বিভাগপাড়া – আশরাফ আলী, ঈদগা পাড়া – রোকেয়া বেগম, সদর হসপিটাল- শারমিন আক্তার, স্পেডিয়াম পাড়া-সফিকুল ইসলাম, ঘোষপাড়া- ইউনুস মাষ্টার, চাঁদবিল- আবুল কাশেম, গোভীপুর-সফিকুল ইসলাম, হালদার পাড়া -তপন কুমার সাহা, আমঝুপী – তুহিন আলী, পুরাতন পোষ্ট অফিস পাড়া-মনোয়ারা বেগম, লিজা

গাংনীতে ডেঙ্গু প্রতিরোধে পরিষ্কার পরিছন্নতা কার্যক্রম শুরু

“আমার স্বাস্থ্য আমার দায়িত্ব” এই স্লোগান কে সামনে রেখে মেহেরপুরের গাংনী উপজেলা ব্যাপী সপ্তাহ জুড়ে ডেঙ্গু প্রতিরোধ ও পরিছন্ন কার্যক্রম শুরু হয়েছে।

গাংনী উপজেলার ৮৯ গ্রামে একযোগে ডেঙ্গু প্রতিরোধে প্রচার অভিজান শুরু হয়। এতে করে প্রতিটি গ্রামের ‘গ্রাম উন্নয়ন দল ও গ্রাম ভিত্তিক ইয়ুথ ইউনিটের যৌথ উদ্যোগে ক্যাম্পেইন শুরু হয়।

উক্ত ক্যাম্পেনে বাড়ির আঙ্গিনায় ঝোপ-ঝাড় পরিস্কার করা, মশা নিধনে স্প্রে করা ও রাস্তাঘাট পরিষ্কার রাখা ও সকলে নিজের বাড়ি ঘরকে পরিষ্কার রাখতে সকলে সচেতন হয় সেই লক্ষে কাজ করছে।

গাংনী উপজেলার ৩ হাজার সেচ্ছাসেবক ডেঙ্গু প্রতিরোধে সপ্তাহ ব্যাপি কাজ করে যাবে। তারা সেচ্ছায় নিজের গ্রামকে করোনা মুক্ত রাখার পাশাপাশি ডেঙ্গু মশা যাতে আমাদের আক্রান্ত না করতে পারে সেই লক্ষ্যে কাজ করে যাচ্ছে।

উক্ত ক্যাম্পেইন করতে সহায়তা করেন, বেসরকারি সংস্থা দি হাঙ্গার

প্রজেক্ট বাংলাদেশ।

এ বিষয়ে দি হাঙ্গার প্রজেক্টের কাথুলী ইউনিয়নের ইউ সি বাশারুল ইসলাম বলেন, ক্যাম্পেনে বাড়ির আঙ্গিনায় ঝোপ-ঝাড় পরিস্কার করা, মশা নিধনে স্প্রে করা ও রাস্তাঘাট পরিষ্কার রাখা ও সকলে নিজের বাড়ি ঘরকে পরিষ্কার রাখতে যাতে সকলে সচেতন হয় সেই লক্ষে কাজ করছে।

দি হাঙ্গার প্রজেক্টের বামুন্দি ইউনিয়নের ইউ সি হাবিবুর রহমান হাবিব বলেন, গাংনী উপজেলার ৩ হাজার সেচ্ছাসেবক ডেঙ্গু প্রতিরোধে সপ্তাহ ব্যাপি কাজ করে যাবে। তারা সেচ্ছায় নিজের গ্রামকে করোনা মুক্ত রাখার পাশাপাশি ডেঙ্গু মশা যাতে আমাদের আক্রান্ত না করতে পারে সেই লক্ষ্যে কাজ করে যাচ্ছে।

দি হাঙ্গার প্রজেক্ট এর গাংনী উপজেলা সমন্বয়কারী হেলাল উদ্দীন বলেন, আমাদের নিজেদের এলাকা নিজে সুরক্ষিত রাখতে হবে। এজন্য আমাদের প্রশিক্ষণ ইয়ুথ লিডার ও সেচ্ছাব্রতিরা যেভাবে উদ্যোগ নিয়েছেন আমরা সাধুবাদ জানাই উক্ত কাজকে। আমাদের প্রজেক্টর তরফ থেকে যতটুকু সম্ভব সহযোগিতা করার প্রচেষ্টা চলছে। গাংনী উপজেলার সকল মানুষকে উক্ত কাজে যুক্ত হবার আহবান জানায়।

একদিনে আরও ৩৪ জনের প্রাণহানি, আক্রান্ত ১৯৭৩

এই সময়ে ১ হাজার ৯৭৩ জন শনাক্ত হয়েছেন। এ নিয়ে দেশে মোট শনাক্ত হলেন ২ লাখ ৯৪ হাজার ৫৯৮ জন।

এছাড়া গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ৩ হাজার ৫২৪ জন এবং মোট সুস্থ ১ লাখ ৭৯ হাজার ৯১ জন।

রোববার স্বাস্থ্য অধিদফতর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় ১০ হাজার ৮০১টি নমুনা পরীক্ষা করে ১

হাজার ৯৭৩ জনের দেহে করোনা শনাক্ত হয়েছে। মোট শনাক্ত ২ লাখ ৯৪ হাজার ৫৯৮।

গত ২৪ ঘণ্টায় শনাক্তের হার ১৮ দশমিক ২৭ শতাংশ।

এই সময়ে দেশে আরও ৩৪ জনের মৃত্যু হয়েছে। মারা যাওয়া রোগীদের মধ্যে ২৪ পুরুষ ও নারী ১০ জন। এ নিয়ে দেশে মোট ৩ হাজার ৯৪১ জন কোভিড রোগীর মৃত্যু হলো।

এছাড়া গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ৩ হাজার ৫২৪ জন এবং মোট সুস্থ ১ লাখ ৭৯ হাজার ৯১ জন।

শনাক্ত বিবেচনায় সুস্থতার হার ৬০ দশমিক ৭৯ শতাংশ ও মৃত্যুর হার ১ দশমিক ৩৪ শতাংশ।

গত বছরের ডিসেম্বরে চীন থেকে উৎপত্তি হওয়া প্রাণঘাতী করোনাভাইরাস বাংলাদেশসহ বিশ্বের ২১৩টি দেশ ও অঞ্চলে ছড়িয়ে পড়েছে।

গত ১১ মার্চ করোনাভাইরাস সংকটকে মহামারী ঘোষণা করে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)।

বাংলাদেশে প্রথম কোভিড-১৯ রোগীশনাক্ত হন ৮ মার্চ এবং এ রোগে আক্রান্ত প্রথম রোগীর মৃত্যু হয় ১৮ মার্চ।

সূত্র- যুগান্তর

খালেদা জিয়ার আরও চার মামলার স্থগিতাদেশ বহাল

রাজধানীর বিভিন্ন থানায় বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার বিরুদ্ধে করা নাশকতার আরও চার মামলার কার্যক্রম স্থগিত করে হাইকোর্টের দেওয়া আদেশ বহাল রেখেছেন আপিল বিভাগ।

একই সঙ্গে, ওই চার মামলার অভিযোগ আমলে নেওয়ার আদেশ বাতিল

প্রশ্নে হাইকোর্টের জারি করা রুল নিষ্পত্তি করতে বলা হয়েছে। আদেশের বিষয়টি সাংবাদিকদের জানান বিভিন্ন মামলায় খালেদার জিয়ার অন্যতম আইনজীবী এহসানুর রহমান।

রাষ্ট্রপক্ষের আবেদন শুনানি নিয়ে রবিবার প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেনের নেতৃত্বাধীন পাঁচ বিচারপতির সমন্বয়ে গঠিত আপিল বিভাগের ভার্চুয়াল বেঞ্চ এ আদেশ দেন।

আদালতে রাষ্ট্রপক্ষে শুনানিতে ছিলেন অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম। সঙ্গে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল বিশ্বজিৎ দেবনাথ। খালেদা জিয়ার পক্ষে ছিলেন আইনজীবী মাহবুব উদ্দিন খোকন।

সূত্র- বিডি প্রতিদিন

‘সেপ্টেম্বরে স্কুল খোলার পরিবেশ হয়নি’

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মো. আকরাম-আল-হোসেন মনে করেন, সেপ্টেম্বরে প্রাথমিক বিদ্যালয়গুলো খোলার মতো পরিবেশ এখনও হয়নি। আর স্কুলে স্কুলে প্রাথমিক সমাপনী পরীক্ষা নেওয়ার প্রস্তাবনার সার-সংক্ষেপের অনুমোদন এখনও প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে ফেরত আসেনি।

রবিবার (২৩ আগস্ট) সচিবালয়ে নিজ দপ্তরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এক প্রশ্নের জবাবে তিনি এ মন্তব্য করেন।

করোনা ভাইরাসের প্রকোপের কারণে মার্চে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণার মধ্যে ২৭ এপ্রিল প্রধানমন্ত্রী শেখ হাসিনা এক অনুষ্ঠানে বলেছিলেন, করোনা ভাইরাস মহামারির প্রার্দুভাব অব্যাহত থাকলে আগামী সেপ্টেম্বর পর্যন্ত স্কুল-কলেজসহ সব শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকবে।

শেখ হাসিনা বলেন, স্কুল, শিক্ষা প্রতিষ্ঠান এখন একটাও খুলবে না। অন্তত সেপ্টেম্বর পর্যন্ত স্কুল-কলেজ, শিক্ষা প্রতিষ্ঠান সবই

বন্ধ থাকবে যদি করোনা ভাইরাসের প্রার্দুভাব অব্যাহত থাকে। যখন এটা থামবে তখন আমরা খুলবো।

প্রধানমন্ত্রীর কথার জের ধরে সাংবাদিকরা প্রাথমিক সচিবের কাছে জানতে চান- সেপ্টেম্বরে শিক্ষা প্রতিষ্ঠান খুলছে কি-না; এসময় সচিব আকরাম-আল-হোসেন বলেন, শিক্ষামন্ত্রী কিন্তু গতকাল বলেছেন যে, শিক্ষা প্রতিষ্ঠান খোলার ব্যাপারে এখনও কোনো পরিবেশ তৈরি হয়নি। আপনারা নিজেরাও বোঝেন আসলে পরিবেশ তৈরি হয়েছে কি হয়নি।

‘এখন যে অবস্থা, এখনও কিন্তু ২০-২২ শতাংশ আক্রান্ত। সেই হিসাবে আমাদের শিশুদের-শিক্ষকদের…; স্কুল খুললে অভিভাবকেরা চলে আসবে। তাদের আমরা ঝুঁকির মধ্যে ফেলব কেন, সেটা আমাদের চিন্তা করতে হবে। আমরা মনে করছি যে আসলে তো এখনও পরিবেশ তৈরি হয়নি। ’

সচিব বলেন, উন্নত দেশ যারা স্কুল খুলেছিল, তারাও কিন্তু এখন আবার বন্ধ করে দিয়েছে। সেজন্য আমরা মনে করছি যে, আমাদের বাচ্চাদের ঝুঁকির মধ্যে না ফেলাটাই সমীচীন হবে।

করোনার কারণে এবছর কেন্দ্রীয়ভাবে প্রাথমিক সমাপনী পরীক্ষার বদলে স্কুলে স্কুলে নেওয়ার প্রস্তাব করে গত ১৯ আগস্ট প্রধানমন্ত্রীর কাছে সার-সংক্ষেপ পাঠায় প্রাথমিক মন্ত্রণালয়।

সমাপনী পরীক্ষা নিয়ে সচিব বলেন, আমরা বলেছি যে স্ব স্ব স্কুলগুলো পরীক্ষা নেবে যদি খুলতে পারে। কেন্দ্রীয় পরীক্ষা না নেওয়ার জন্য প্রস্তাবনা আছে। এর বাইরে হচ্ছে যে স্কুলগুলোর, যদি পরিবেশ পরিস্থিতি স্বাভাবিক হয় তাহলে স্ব স্ব স্কুল পরীক্ষা নেবে। তবে সেই অনুমোদন এখনও আসেনি।

সূত্র- বিডি প্রতিদিন

গাংনী পৌর আওয়ামী লীগের

সাধারণ সম্পাদক বাবু করোনা মুক্ত

গাংনী পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু কোভিড-১৯ থেকে মুক্ত হয়েছেন মর্মে ছাড়পত্র পেয়েছেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের রোগ নিয়ন্ত্রণ বিভাগের ডাক্তার আদিলা আজহার স্বাক্ষরিত ছাড়পত্র শনিবার দুপুরে হাতে পান আনারুল ইসলাম বাবু।

জানাগেছে, গত ৭/০৮/২০২০ ইং তারিখে গাংনী পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবুর করোনা পরিক্ষায় নমূনা সংগ্রহ করে কুষ্টিয়া পিসিআর ল্যাবে পাঠানো হয়।

৮ই আগস্ট পজেটিভ ফলাফল আসলে তাকে হোম আইসোলেশনে রাখে উপজেলা স্বাস্থ্য বিভাগ। ১৪ দিন হোম আইসোলেশন শেষে শনিবার তাকে করোনা মুক্ত হয়েছেন মর্মে ছাড়পত্র প্রদান করা হয়। তবে আরো ৭ দিন তাকে হোম আইসোলেশন নিশ্চিত করতে হবে বলে নির্দেশনা দেন ডাক্তার আদিলা আজহার।

সৃস্টি কর্তার অশেষ কৃপা ও রহমত এবং পরিচিত জনদের দোয়াই করোনা থেকে মুক্ত হওয়ায় সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন আনারুল ইসলাম বাবু।

গাংনীর এমপি ও তাঁর পরিবারের সদস্যরা করোনামুক্ত !

মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকনসহ পরিবারের সকলে করোনা নেগেটিভ রিপোর্ট এসেছে । আগের দিন রাতে করোনা আক্রান্ত অবস্থায় ২১ আগস্ট উপলক্ষে একটি অনুষ্ঠানে যোগ দেন। এরপরদিন বিভিন্ন গণমাধ্যমের অনলাইনে সংবাদ প্রকাশ হয়। পরে বিকালে বিকেল সাড়ে ৫ টার দিকে এমপিসহ তাঁর পরিবারের সদস্যদেও

করোনা নেগেঠিভ রিপোর্ট আসে। যা নিয়ে বিভিন্ন মাধ্যমে আলোচনা উঠে আসে।

গত ১৩ আগস্ট বৃহস্পতিবার এমপি সাহিদুজ্জামান খোকনসহ তাঁর পরিবারের মোট ৬ জন করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে হোম আইসোলেশনে ছিলেন।

আক্রান্ত ব্যক্তিরা হলেন- এমপি সাহিদুজ্জামান খোকন (৫২), সহধর্মিনী লায়লা আঞ্জুমান বানু (৪২), ছেলে সাদিউজ্জামান সাইফ (২০), ছোট ছেলে সামিউজ্জামান সামি (১৮), ফটোগ্রাফার শামীম পারভেজ (২৬), ড্রাইভার রাশেদুল ইসলাম (২৫) ও মেড সার্ভেন্ট জাহিদুল ইসলাম (১৫)।

শনিবার উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ রিয়াজুল আলম এমপিসহ তাঁর পরিবারের সকলেই করোনা নেগেটিভ হয়েছেন বলে তথ্য নিশ্চিত করেছেন।

তিনি আরো বলেন, গত ১৩ আগস্ট এমপিসহ তাঁর পরিবারের মোট ৭ জন সদস্য করোনা পজিটিভ হয়। উপজেলার স্বাস্থ্য বিভাগ ও উপজেলা প্রশাসন পরিবারটিকে লকডাউনের আওতায় রেখে নিয়মিত স্বাস্থ্য সেবা ও প্রয়োজনীয় পরামর্শ দিয়েছেন। এমপিসহ তাঁর পরিবারের সকল সদস্য স্বাস্থ্যবিধি মেনে চলায় পরিবারের সকলে করোনা মুক্ত হয়েছেন।

বর্তমানে এমপি সহ পরিবারের সকলে সম্পূর্ণভাবে সুস্থ রয়েছেন বলে জানান মেহেরপুর সিভিল সার্জন ডাক্তার নাসির উদ্দিন।

করোনায় ব্রিটিশ সরকারের ঋণ ২ ট্রিলিয়ন পাউন্ড ছাড়িয়েছে

করোনার কারণে ব্রিটিশ সরকারের ঋণের পরিমাণ দুই ট্রিলিয়ন পাউন্ড ছাড়িয়ে গেছে।ব্রিটেনের অফিস ফর ন্যাশনাল স্ট্যাটিসটিক্স এ তথ্য জানিয়েছে।

প্রাণঘাতী এ মহামারীর কারণে ব্রিটেনে লম্বা সময় লকডাউন ছিল এবং

সে সময় বেশিরভাগ সরকারি কর্মকর্তা-কর্মচারীকে বসিয়ে বেতন দিতে হয়েছে।খবর ব্লুমবার্গের।

এ মুহূর্তে ব্রিটেনের প্রতি আটজন সরকারি চাকরিজীবীর মধ্যে একজন ছুটিতে রয়েছেন।ঋণের পরিমাণ ব্রিটেনের জিডিপির শতকরা ১০০ ভাগ পেরিয়ে গেছে যার অর্থ হচ্ছে ব্রিটেনে প্রতিবছর যে পরিমাণ জাতীয় উৎপাদন হয় তার চেয়ে ঋণের পরিমাণ এখন বেশি।

১৯৬০-৬১ অর্থবছরের পর এই প্রথম ব্রিটিশ সরকার এত বিশাল পরিমাণের ঋণের কবলে পড়ল।

লকডাউনের দিনগুলোতে ব্রিটিশ সরকার সরকারি কর্মকর্তা-কর্মচারীদের শতকরা ৮০ ভাগ বেতন পরিশোধ করেছে।

এই সুবিধা আগামী অক্টোবরে শেষ হয়ে যাবে। তবে বিরোধীদলগুলো এই সুবিধার মেয়াদ বাড়ানোর দাবি জানাচ্ছে।

যদি অক্টোবর মাসে সরকারি সুবিধা বাতিল করা হয় তাহলে তার অর্থ দাঁড়াবে ব্রিটেনে আরও বহু মানুষ চাকরি হারাবে।

ব্রিটেনের এই মন্দাবস্থা সৃষ্টি এবং ইউরোপীয় ইউনিয়ন থেকে বের হয়ে যাওয়ার পর লাখ লাখ ব্রিটিশ নাগরিকের মধ্যে এই উদ্বেগ ছড়িয়ে পড়েছে।

তাদের ভবিষ্যৎ ক্রমেই অনিশ্চিত হবে। এ অবস্থায় ব্রিটিশ সরকার দেশকে উদ্ধারের জন্য কি ব্যবস্থা নিতে পারে তা এখনো পরিষ্কার নয়।

সূত্র- যুগান্তর